সৃজনশীল বাংলাদেশ

**জেলা শিল্পকলা একাডেমি, সুনামগঞ্জ**

**www.shilpakala.sunamganj.gov.bd**

অক্টোবর মাসে সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন

শেখ রাসেল দিবস ২০২১ উদযাপন

১৮ অক্টোবর শেখ রাসেল দিবস উপলক্ষে জেলা প্রশাসন সুনামগঞ্জ সকাল ১০ঘটিকায় আলাচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলে জেলা প্রশাসক মো.জাহাঙ্গীর হোসেন এবং সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আল-ইমরান রুহুল ইসলাম। সাংস্কৃতিক পরিবেশনায় অংশগ্রহণ করে জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ও জেলা শিশু একাডেমি সুনামগঞ্জ।

বিকেল ৪ঘটিকায় জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ লোকসংস্কৃতি সংগ্রহশালায় চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করে। এতে জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থীসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

মূল্যবোধের অবক্ষয়ের বিরুদ্ধে শিল্প শীর্ষক অনুষ্ঠান আয়োজন

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ২৮ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ বিকেল ৪ ঘটিকায় মূল্যবোধের অবক্ষয়ের বিরুদ্ধে শিল্প শীর্ষক অনলাইন আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। আলোচনায় অংশগ্রহণ করেন সুনামগঞ্জ পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ শেরগুল আহমেদ এবং বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব অলক ঘোষ চৌধুরী। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন এড. দেবদাস চৌধুরী রঞ্জন, শান্তিময় ভট্টাচার্য্য, মণিকা দাশ, শ্রেয়া চৌধুরী কুহু, মোবিন আহমেদ এবং পঙ্কজ রায়। অনুষ্ঠান সমন্বয় ও সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

জাতীয় সঙ্গীত বিষয়ক কর্মশালা আয়োজন

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ২৯ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দে সারাদিনব্যাপী জাতীয় সঙ্গীত বিষয়ক কর্মশালা আয়োজন করে। কর্মশালার উদ্বোধনের পূর্বেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী জাতীয় সঙ্গীতের প্রেক্ষাপট ও তাৎপর্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কর্মশালায় প্রশিক্ষণ প্রদান করেন জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ কেন্দ্রের সাধারণ সঙ্গীত বিভাগের প্রশিক্ষক সন্তোষ কুমার চন্দ্র ও সোহেল রানা।

সাইবার অপরাধের বিরুদ্ধে শিল্প শীর্ষক অনুষ্ঠান

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ২৯ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ বিকেল ৪ ঘটিকায় সাইবার অপরাধের বিরুদ্ধে শিল্প শীর্ষক অনলাইন আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। আলোচনায় অংশগ্রহণ করেন সুনামগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি পঙ্কজ কান্তি দে এবং দৈনিক প্রথম আলোর স্টাফ রিপোর্টার খলিল রহমান। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন সন্তোষ কুমার চন্দ, রবিউল ইসলাম পুলক, জয়ন্ত পাল, অনন্যা রুমা, শাকির আলীম, অস্মিতা রায় মিথিলা, প্রাপ্তি পাল, সেঁজুতি তরফদার হৃদি, অর্পিতা তালুকদার। অনুষ্ঠান সমন্বয় ও সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## সোনার মানুষ চাই শীর্ষক অনুষ্ঠান

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ৩০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ বিকেল ৪ ঘটিকায় সোনার মানুষ চাই শীর্ষক অনলাইন আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। আলোচনায় অংশগ্রহণ করেন বিশিষ্ট কবি ও সাহিত্যিক, সাংবাদিক শামস শামীম এবং ব্রতচারী শিল্পী ও গবেষক বিমান তালুকদার। সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন সুষেন চন্দ, লাল শাহ, দেবাশীষ তালুকদার শুভ্র, আলী আফসার সায়েন, দেবপ্রিয়া পাল, সুবীর বণিক, তাজকিরা হক তাজিন, আবুল হাসনাত সুমন, শিবানী দাস শ্রাবনী, খাদিজা আক্তার , নিলয় আচার্য্য ও শ্রীপর্ণা দে। অনুষ্ঠান সমন্বয় ও সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## ২০৪১ সালে বাংলাদেশ হবে নান্দনিক শীর্ষক অনুষ্ঠান

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ৩০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ রাত ৮ ঘটিকায় ২০৪১ সালে বাংলাদেশ হবে নান্দনিক শীর্ষক অনলাইন আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। আলোচনায় অংশগ্রহণ করেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বিশিষ্ট কবি ও আবৃত্তি শিল্পী এস.এম. আব্দুর রহমান এবং বিশিষ্ট কবি ও আবৃত্তি শিল্পী রোকেশ লেইস । সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন দিপায়ন চৌধুরী, রাজন পাল, মাকসুদুর রহমান দিপু, প্রিয়া পাল, দেওয়ান ইলহাম রেজা চৌধুরী, জেলী দাস, সন্দীপন ঘোষ চৌধুরী ও অরিজিৎ ঘোষ চৌধুরী । অনুষ্ঠান সমন্বয় ও সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

## জঙ্গিবাদ মাদকাসক্তের বিরুদ্ধে সংস্কৃতি

জেলা শিল্পকলা একাডেমি সুনামগঞ্জ ৩১ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ বিকেল ৪ ঘটিকায় জঙ্গীবাদ ও মাদকাসক্তের বিরুদ্ধে শিল্প শীর্ষক অনলাইন আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। আলোচনায় অংশগ্রহণ করেন সুনামগঞ্জ সরকারি কলেজের বাংলা বিভাগের সহকারি অধ্যাপক মো. জাকির হোসেন এবং বাংলাদেশ উদীচী শিল্পী গোষ্ঠী সুনামগঞ্জ জেলা সাংসদের সাধারণ সম্পাদক মো. জাহাঙ্গীর আলম । সাংস্কৃতিক পরিবেশনায় ছিলেন প্রসেনজিৎ দে, রাজনারায়ণ দাশ, নারায়ারণ দাশ, সেলিম আহমেদ, শামীম আহমেদ, আহমেদ ইমতিয়াজ মাসুম, অয়ন চৌধুরী, জহির আহমেদ, অপূর্ব বৈষ্ণব ডাল্টন, সোনালী সরকার শিল্পী, রীতা আচার্য্য এবং উপজেলা শিল্পকলা একাডেমি দিরাই এর শিল্পীবৃন্দ। অনুষ্ঠান সমন্বয় ও সঞ্চালনায় ছিলেন জেলা কালচারাল অফিসার আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী।

স্বাক্ষরিত/-
আহমেদ মঞ্জুরুল হক চৌধুরী
জেলা কালচারাল অফিসার, সুনামগঞ্জ